

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়  
সিরাজদিখান, মুন্সীগঞ্জ।

অতীব জরুরী

স্মারক নং- ৪৭.৬২.৫৯৭৪.১০০.২৩.২১৪.১৩.২২৪


তারিখ: ২৬/০৮/২০২২ খ্রি।

প্রাপক  
জনাব: মোঃ রাফিকুল ইসলাম রনি  
পিতা/স্বামীর নাম: মোঃ মতিউর রহমান  
সমিতি/দলের/খেলাপী সদস্যের নাম: রাফিকুল ইসলাম রনি  
গ্রাম: মধ্য গোদুন্দুর ডাকঘর: বিরাজুদ্দেহান  
ইউনিয়ন: সিরাজদিখান, উপজেলা: সিরাজদিখান, জেলা: মুন্সীগঞ্জ।

বিষয়: খেলাপী ঋণ পরিশোধের চূড়ান্ত নোটিশ।


উপরোক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনি মধ্য গোদুন্দুর ওয়াশহান সমিতি/দলের সভাপতি/ম্যানেজার/সদস্য হিসাবে বিগত ০২/০৬/২২ তারিখে বিআরডিবি, সিরাজদিখান কার্যালয় থেকে ঋণ নীতিমালার শর্তাবলী মেনে চলার অঙ্গীকার করে বিভিন্ন ঋণের ফরমে দস্তখত ও সহি স্বাপেক্ষে মোট ২০ ০০০/- টাকা সরকারি ঋণ গ্রহণ করেছেন। শর্তানুযায়ী ঋণের টাকা ৫০ টি নিয়মিত সাপ্তাহিক কিস্তিতে এক (১) বছরের মধ্যে সেবামূল্যসহ পরিশোধ করার কথা। কিন্তু বারবার তাগিদ প্রদান করা সত্ত্বেও আপনি স্বেচ্ছায় উক্ত ঋণের টাকা পরিশোধ না করায় সরকারি কাজে অসহযোগিতা ও চুক্তি ভঙ্গ করেছেন এবং সরকারি অর্থ আত্মসাতের অপচেষ্টায় লিপ্ত আছেন। এছাড়াও আপনি যথাসময়ে ঋণ পরিশোধ না করায় বর্তমান সরকারের দারিদ্র বিমোচন কার্যক্রম মারাত্মকভাবে ব্যহত হচ্ছে। বর্তমানে আসল ২০ ০০০/- টাকা ও সেবামূল্য ২৫০০/- টাকা অর্থাৎ সর্বমোট ২২ ৫০০/- টাকা আপনার নিকট বিআরডিবি ঋণ বাবদ পাওনা রয়েছে।

২। এমতাবস্থায় আপনাকে আগামী ৬/৯/২২ খ্রি. তারিখে সকাল ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর নিকট ব্যক্তিগত শুনানীতে হাজির হয়ে উক্ত সময়ের মধ্যে সমুদয় ঋণের টাকা (সেবামূল্যসহ) পরিশোধ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় আপনার বিরুদ্ধে সরকারি কাজে অসহযোগিতা, ঋণের টাকা আত্মসাত ও চুক্তিভঙ্গের অভিযোগ আনয়ন করা হবে এবং যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
মোঃ শরীফুল আলম তানভীর  
উপজেলা নির্বাহী অফিসার  
সিরাজদিখান, মুন্সীগঞ্জ।

তারিখ: ২৬/০৮/২০২২ খ্রি।

- স্মারক নং- ৪৭.৬২.৫৯৭৪.১০০.২৩.২১৪.১৩.  
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।
  - ২। উপপরিচালক, বিআরডিবি, মুন্সীগঞ্জ।
  - ৩। অফিসার্স ইনচার্জ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।
  - ৪। সভাপতি, সিরাজদিখান ইউসিসিএ লি:।
  - ৫। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ।
  - ৬। সংশ্লিষ্ট নথি।

  
মোঃ টিপু সুলতান  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার  
সিরাজদিখান, মুন্সীগঞ্জ।

